দৈনিক ইত্তেফাক 047

তারিখ 19 DEC 1988
পৃষ্ঠা 1 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# '৯১ সন হইতে এসএসসি তে দীনিয়াত বাধ্যতামূলক

এক সরকারী ঘোষণার বরাত দিয়া বাসস জানায়, সরকার ১৯৯১ সাল হইতে সেকেণ্ডারী স্কুল সার্টিফিকেট পরীক্ষায় ইসলামিক ষ্টাডিজ (দীনিয়াত) একটি বাধ্যতামূলক

(২য় পৃঃ দ্রঃ)

## দীনিয়াত

(১ম পৃঃ পর)

বিষয় হিসাবে অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়াছেন।

জাতীয় শিক্ষা ও পাঠ্যক্রম বোর্ডের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ১৯৮৯ সাল হইতে নবম ও দশম শ্রেণীতে এই নিয়ম প্রযোজ্য হইবে। পাঠ্যক্রমের পুনর্বিন্যাসের জন্য এক হাজার নম্বরের ৩টি পরীক্ষা নিম্নোক্তভাবে বিভক্ত করা হইয়াছে। ৫টি বাধ্যতামূলক বিষয়ের জন্য ৭০০ নম্বর, ঐচ্ছিক বিষয়ের প্রথম অংশের একটি পেপারের জন্য ২০০ নম্বর এবং দ্বিতীয় অংশের জন্য একশত নম্বর।